# কিউএস সূচকের আলোকে বাংলাদেশের উচ্চশিক্ষা

লেখক: অধ্যাপক ড. কাজী আ. মান্নান | প্রকাশিত: 15 August 2026, 02:42 AM | বিভাগ: ফিচার



বাংলাদেশের উচ্চশিক্ষার মান, সক্ষমতা ও আন্তর্জাতিক অবস্থান নিয়ে ধারাবাহিক আলোচনায় আমরা ইতোমধ্যে বিভিন্ন গুরুত্বপূর্ণ সূচকের দিকে দৃষ্টি দিয়েছি। শিক্ষক-শিক্ষার্থী অনুপাত আমাদের দেখিয়েছে একটি বিশ্ববিদ্যালয় তার শিক্ষার্থীদের জন্য কতটা পর্যাপ্ত একাডেমিক সহায়তা নিশ্চিত করতে পারছে; একাডেমিক খ্যাতি দেখিয়েছে বৈশ্বিক একাডেমিক সমাজে একটি বিশ্ববিদ্যালয়ের জ্ঞান, গবেষণা ও শিক্ষার গ্রহণযোগ্যতা কতটা প্রতিষ্ঠিত; আর এখন আন্তর্জাতিক শিক্ষক ও শিক্ষার্থী অনুপাত আমাদের সামনে উচ্চশিক্ষার আরেকটি মৌলিক প্রশ্ন হাজির করছে-বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলো আসলে কতটা আন্তর্জাতিক?

এই প্রশ্নটি কেবল বিদেশি শিক্ষার্থী বা বিদেশি শিক্ষক সংখ্যার হিসাব নয়; এর সঙ্গে জড়িয়ে আছে একটি বিশ্ববিদ্যালয়ের বৈশ্বিক আকর্ষণ, আন্তর্জাতিক একাডেমিক পরিবেশ, সাংস্কৃতিক বৈচিত্র্য, জ্ঞান বিনিময়, গবেষণা সহযোগিতা এবং আন্তর্জাতিক সুনাম। অতএব, কিউএস-এর আন্তর্জাতিক

শিক্ষক অনুপাত এবং আন্তর্জাতিক শিক্ষার্থী অনুপাতকে বাংলাদেশের উচ্চশিক্ষার জন্য নিছক র‍্যাংকিং বা অবস্থান নির্ধারণের সূচক হিসেবে দেখলে এর প্রকৃত তাৎপর্য অনুধাবন করা সম্ভব হবে না। বরং এগুলোকে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর আন্তর্জাতিকীকরণ বা বিশ্বায়নের একটি গুরুত্বপূর্ণ জানালা হিসেবে বিবেচনা করা প্রয়োজন।

কিউএস-এর বর্তমান বিশ্ব বিশ্ববিদ্যালয় র‍্যাংকিং পদ্ধতিতে আন্তর্জাতিক শিক্ষক অনুপাত বলতে একটি বিশ্ববিদ্যালয়ের মোট শিক্ষকের মধ্যে আন্তর্জাতিক শিক্ষকের অনুপাতকে বোঝানো হয়। কিউএস-এর ভাষ্যে, বিদেশি শিক্ষকদের আকর্ষণ করতে সক্ষম হওয়া একটি বিশ্ববিদ্যালয়ের ইতিবাচক আন্তর্জাতিক সুনাম এবং সেখানে কাজ করার অনুকূল পরিবেশের ইঙ্গিত দিতে পারে। একই সঙ্গে বিদেশি শিক্ষকরা তাঁদের নিজস্ব আন্তর্জাতিক গবেষণা-সংযোগ নিয়ে আসেন, ফলে বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক গবেষণা নেটওয়ার্ক ও সহযোগিতা বিস্তৃত হওয়ার সুযোগ তৈরি হয়।

অন্যদিকে আন্তর্জাতিক শিক্ষার্থী অনুপাত মোট শিক্ষার্থীর মধ্যে আন্তর্জাতিক শিক্ষার্থীর অনুপাতকে নির্দেশ করে। কিউএস-এর বিশ্লেষণে এটি একটি বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক আকর্ষণ, সাংস্কৃতিক বৈচিত্র্য, পারস্পরিক যোগাযোগের সুযোগ, প্রাক্তন শিক্ষার্থীদের বৈচিত্র্য এবং শিক্ষার পরিবেশের আন্তর্জাতিকতার সঙ্গে সম্পর্কিত। অর্থাৎ একজন বিদেশি শিক্ষার্থী শুধু একটি অতিরিক্ত শিক্ষার্থী নন; তিনি একটি ভিন্ন শিক্ষা-সংস্কৃতি, অভিজ্ঞতা, ভাষা, সামাজিক দৃষ্টিভঙ্গি এবং সম্ভাব্য আন্তর্জাতিক যোগাযোগ নিয়ে ক্যাম্পাসে প্রবেশ করেন।

এখানে একটি বিষয় বিশেষভাবে মনে রাখা দরকার। আন্তর্জাতিকীকরণকে কেবল বিদেশি শিক্ষার্থীর সংখ্যা দিয়ে বিচার করা যায় না। একটি বিশ্ববিদ্যালয়ে কয়েক হাজার বিদেশি শিক্ষার্থী থাকলেও যদি তাঁদের সঙ্গে কাজ করার মতো আন্তর্জাতিক শিক্ষক, আন্তর্জাতিক পাঠ্যক্রম, ইংরেজি মাধ্যমে পরিচালিত উচ্চতর শিক্ষার কার্যক্রম, শিক্ষার্থী বিনিময়, আন্তর্জাতিক গবেষণা সহযোগিতা এবং সহায়ক ক্যাম্পাস পরিবেশ না থাকে, তাহলে সংখ্যাগত আন্তর্জাতিকীকরণ খুব বেশি অর্থবহ নাও হতে পারে। একইভাবে কয়েকজন বিদেশি শিক্ষক নিয়োগ করলেই একটি বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক হয়ে যায় না। প্রকৃত আন্তর্জাতিকীকরণ হলো এমন একটি পরিবেশ, যেখানে দেশি ও বিদেশি শিক্ষক-শিক্ষার্থী একসঙ্গে শিক্ষা, গবেষণা, উদ্ভাবন এবং জ্ঞান বিনিময়ে অংশগ্রহণ করেন। এ কারণেই কিউএস-এর আন্তর্জাতিক শিক্ষক অনুপাত ও আন্তর্জাতিক শিক্ষার্থী অনুপাতকে পাশাপাশি দেখা জরুরি।

বাংলাদেশের উচ্চশিক্ষা ব্যবস্থার সবচেয়ে বড় বৈপরীত্য এখানেই। দেশে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা দ্রুত বেড়েছে, শিক্ষার্থীর সংখ্যা বেড়েছে, নতুন ক্যাম্পাস, বিভাগ ও শিক্ষাক্রম তৈরি হয়েছে; কিন্তু একই অনুপাতে আন্তর্জাতিক শিক্ষক ও শিক্ষার্থীর উপস্থিতি বাড়েনি। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ৪৮তম বার্ষিক প্রতিবেদনে ২০২২ সালের তথ্য অনুযায়ী সরকারি ও বেসরকারি

বশি্ববদি্যালয়সমূহে মোট আন্তর্জাতকি শকি্ষার্থীর সংখ্যা ছলি মাত্র ২,২৮১ জন; এর মধ্যে সরকারি বশি্ববদি্যালয়ে ৬৭৭ জন এবং বসেরকারি বশি্ববদি্যালয়ে ১,৬০৪ জন। একই প্রতবিদেনে সংশ্লষি্ট উচ্চশকি্ষা ব্যবস্থায় শকি্ষার্থীর মোট সংখ্যা ৪৪,৪১,৭১৭ জন হসিবে উল্লখে করা হয়ছে,ে যদওি এই বৃহত্তর সংখ্যার মধ্যে অধভিুক্ত ও অঙ্গীভূত কলজে এবং মাদ্রাসাও অন্তর্ভুক্ত। এই পরসিংখ্যান বাংলাদশেরে উচ্চশকি্ষার আন্তর্জাতকিীকরণরে সীমাবদ্ধতা বোঝার জন্য একটি গুরুত্বপূর্ণ প্রাথমকি সংকতে দয়ে।

এই পরস্থিতিরি তাৎপর্য আরও স্পষ্ট হয় যখন আমরা বাংলাদশেরে বশি্ববদি্যালয়গুলোর বর্তমান আন্তর্জাতকি অবস্থানরে দকিে তাকাই। কিউএস-এর বশি্ববদি্যালয়-সংক্রান্ত প্রকাশতি সাম্প্রতকি তথ্য থকেে দখো যায়, ঢাকা বশি্ববদি্যালয়ে মোট ৪০,৩৩৬ শকি্ষার্থীর মধ্যে আন্তর্জাতকি শকি্ষার্থী ১৮২ জন এবং ২,১৬৪ শকি্ষকরে মধ্যে আন্তর্জাতকি শকি্ষক প্রায় ১ শতাংশ; নর্থ সাউথ বশি্ববদি্যালয়ে ১৬,০২৭ শকি্ষার্থীর মধ্যে আন্তর্জাতকি শকি্ষার্থী ৭৬ জন এবং ৯০২ শকি্ষকরে মধ্যে আন্তর্জাতকি শকি্ষক ৬ শতাংশ; ড্যাফোডলি ইন্টারন্যাশনাল বশি্ববদি্যালয়ে ১৭,৩২১ শকি্ষার্থীর মধ্যে আন্তর্জাতকি শকি্ষার্থী ৫২৯ জন এবং ৮০৩ শকি্ষকরে মধ্যে আন্তর্জাতকি শকি্ষক ৫ শতাংশ; আমরেকিান ইন্টারন্যাশনাল ইউনভিার্সটিি-বাংলাদশেে ৯,২৮৪ শকি্ষার্থীর মধ্যে আন্তর্জাতকি শকি্ষার্থী ৮৯০ জন এবং ৫৬৪ শকি্ষকরে মধ্যে আন্তর্জাতকি শকি্ষক ৪ শতাংশ। এগুলো বাংলাদশেরে সব বশি্ববদি্যালয়রে জাতীয় গড় নয়; বরং কিউএস-এর প্রকাশতি কয়কেটি বশি্ববদি্যালয়রে তথ্য থকেে নওেয়া উদাহরণ। তবে এগুলো একটি গুরুত্বপূর্ণ বশৈষি্ট্য নর্দিশে কর-েকছিু প্রতষি্ঠানে আন্তর্জাতকি শকি্ষার্থীর উপস্থতিি তুলনামূলকভাবে দৃশ্যমান হলওে অধকিাংশ ক্ষত্রেে আন্তর্জাতকি শকি্ষকরে অংশ খুবই সীমতি।

এই তথ্য থকেে বাংলাদশেরে বশি্ববদি্যালয়গুলোর জন্য একটি গুরুত্বপূর্ণ নীতগিত প্রশ্ন উঠে আস।ে আমরা কি সত্যইি বদিশেি শকি্ষার্থীদরে জন্য একটি আকর্ষণীয় শকি্ষাকন্দ্রে তরৈি করতে পরেছে?ি বশি্বরে উন্নত বশি্ববদি্যালয়গুলো শুধু নজিদেরে দশেরে শকি্ষার্থীদরে নয়িে কাজ করে না; তারা আন্তর্জাতকি শকি্ষার্থীকে তাদরে শকি্ষাব্যবস্থার অবচ্ছিদে্য অংশ হসিবেে ববিচেনা কর।ে বদিশেি শকি্ষার্থীর উপস্থতিি একটি বশি্ববদি্যালয়রে শ্রণেকিক্ষকে বচৈতি্র্যময় কর,ে ভন্নি দশেরে অভজি্ঞতা ও দৃষ্টভিঙ্গকিে আলোচনায় নয়িে আসে এবং শকি্ষার্থীদরে তুলনামূলক বোঝাপড়া বৃদ্ধি কর।ে একটি বাংলাদশেি শকি্ষার্থী যখন একই শ্রণেকিক্ষে ভারত, নপোল, ভুটান, শ্রীলঙ্কা, আফ্রকিা, মধ্যপ্রাচ্য, দক্ষণি-পূর্ব এশয়িা বা ইউরোপরে শকি্ষার্থীর সঙ্গে কাজ কর,ে তখন তাঁর শকি্ষা শুধু পাঠ্যবইয়রে জ্ঞানরে মধ্যে সীমাবদ্ধ থাকে না; বরং তা আন্তঃসাংস্কৃতকি শকি্ষা ও বশ্বৈকি নাগরকিত্বরে দকিে এগয়িে যায়।

অন্যদকিে আন্তর্জাতকি শকি্ষকরে উপস্থতিরি গুরুত্ব আরও গভীর। বদিশেি একজন শকি্ষক বা গবষেক

কোনো বিশ্ববিদ্যালয়ে যোগ দিলে তিনি শুধু একটি শিক্ষক পদ পূরণ করেন না; তিনি সঙ্গে করে নিয়ে আসতে পারেন নিজস্ব গবেষণা-সংযোগ, প্রকাশনার অভিজ্ঞতা, গবেষণাপদ্ধতিগত দক্ষতা, আন্তর্জাতিক অর্থায়নের যোগাযোগ এবং ভিন্ন একাডেমিক সংস্কৃতি। কিউএসও আন্তর্জাতিক শিক্ষক অনুপাতকে আন্তর্জাতিক গবেষণা-নেটওয়ার্ক এবং প্রাতিষ্ঠানিক আকর্ষণের সঙ্গে যুক্ত করে। ফলে আন্তর্জাতিক শিক্ষক বৃদ্ধি একটি বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিকীকরণের পাশাপাশি গবেষণার উৎপাদনশীলতা ও একাডেমিক খ্যাতি উন্নয়নেও সহায়ক হতে পারে। এই জায়গায় পূর্ববর্তী লেখাগুলোর সঙ্গে বর্তমান আলোচনার একটি সুস্পষ্ট যোগসূত্র রয়েছে। একাডেমিক খ্যাতি উন্নত করতে হলে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়কে আগে আন্তর্জাতিক একাডেমিক সমাজে দৃশ্যমান হতে হবে। কিন্তু দৃশ্যমানতা শুধু গবেষণা প্রকাশনার মাধ্যমে তৈরি হয় না; গবেষক, শিক্ষক ও শিক্ষার্থীদের আন্তর্জাতিক চলাচল, সহযোগিতা এবং প্রাতিষ্ঠানিক যোগাযোগও গুরুত্বপূর্ণ। একজন বিদেশি অধ্যাপক যদি কোনো বাংলাদেশি বিশ্ববিদ্যালয়ে কাজ করেন, তিনি তাঁর নিজস্ব দেশের সহকর্মীদের সঙ্গে যৌথ গবেষণা তৈরি করতে পারেন। একজন বিদেশি গবেষক-শিক্ষার্থী বাংলাদেশি তত্ত্বাবধায়কের সঙ্গে গবেষণা করলে একটি দীর্ঘমেয়াদি একাডেমিক যোগাযোগ তৈরি হতে পারে। একটি আন্তর্জাতিক শ্রেণিকক্ষ থেকে পরবর্তীতে যৌথ প্রকাশনা, সম্মেলন, শিক্ষার্থী বিনিময় এবং যৌথ গবেষণা অনুদানের জন্ম হতে পারে। অর্থাৎ আন্তর্জাতিক শিক্ষক অনুপাত এবং আন্তর্জাতিক শিক্ষার্থী অনুপাত সরাসরি একাডেমিক খ্যাতির সূচক না হলেও এগুলো একাডেমিক খ্যাতি তৈরির পরিবেশকে শক্তিশালী করতে পারে।

বাংলাদেশের ক্ষেত্রে সমস্যাটি কেবল বিদেশি শিক্ষক ও শিক্ষার্থী কম-এতটুকু বললে বিশ্লেষণ অসম্পূর্ণ থাকবে। মূল সমস্যা হলো বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলো এখনো যথেষ্ট শক্তিশালী আন্তর্জাতিক আকর্ষণমূলক পরিচয় তৈরি করতে পারেনি। একজন বিদেশি শিক্ষার্থী কেন বাংলাদেশে পড়তে আসবেন? একজন বিদেশি অধ্যাপক কেন তাঁর নিজ দেশের বিশ্ববিদ্যালয় ছেড়ে বাংলাদেশের কোনো বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা বা গবেষণায় যুক্ত হবেন? এই দুটি প্রশ্নের উত্তর খুঁজতে গেলে আমাদের উচ্চশিক্ষার মান, গবেষণার অবকাঠামো, বৃত্তি, গবেষণার সুযোগ, নিরাপত্তা, আবাসন, ভিসা সুবিধা, ইংরেজি মাধ্যমে পরিচালিত শিক্ষাক্রম, বৈশ্বিক স্বীকৃতি এবং শিক্ষা-পরবর্তী কর্মজীবনের সুযোগ-সবগুলো বিষয়কে একসঙ্গে বিবেচনা করতে হবে। বাংলাদেশের রয়েছে কিছু অনন্য সুবিধা। বৃহৎ তরুণ জনগোষ্ঠী, দ্রুত বর্ধনশীল অর্থনীতি, তৈরি পোশাকশিল্প, জলবায়ু ঝুঁকি, বদ্বীপ ব্যবস্থাপনা, জনস্বাস্থ্য, উন্নয়ন অধ্যয়ন, অভিবাসন, দুর্যোগ ব্যবস্থাপনা, খাদ্যনিরাপত্তা, কৃষি, ডিজিটাল রূপান্তর এবং সামাজিক উদ্ভাবনের মতো বহু বিষয় রয়েছে, যেগুলো আন্তর্জাতিক গবেষণার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশকে যদি শুধু একটি স্বল্পব্যয়ী শিক্ষাগন্তব্য হিসেবে নয়, বরং গবেষণাসমৃদ্ধ শিক্ষাগন্তব্য হিসেবে প্রতিষ্ঠিত করা যায়, তাহলে আন্তর্জাতিক শিক্ষার্থী ও গবেষক আকর্ষণের সুযোগ অনেক বাড়তে পারে। জলবায়ু পরিবর্তন, নদী ও বন্যা ব্যবস্থাপনা, নগরায়ণ, জনস্বাস্থ্য, দারিদ্র

হ্রাস, সামাজকি উন্নয়ন এবং জনসংখ্যাগত পরবির্তনরে মতো বষিয়ে বাংলাদশে নজিইে একটি গুরুত্বপূর্ণ গবষেণাক্ষত্রে।

তবে এই সম্ভাবনাকে কাজে লাগাতে হলে বশি্ববদি্যালয়গুলোকে নজিদেরে গবষেণা সক্ষমতা আন্তর্জাতকিভাবে উপস্থাপন করতে হবে। একটি বশি্ববদি্যালয়রে ওয়বেসাইটে শুধু ভর্তি বজি্ঞপ্তি, একাডমেকি বর্ষপঞ্জি এবং প্রশাসনকি তথ্য থাকলইে হবে না। সখোনে আন্তর্জাতকি শকি্ষার্থীর জন্য আলাদা তথ্যকন্দ্রে, শকি্ষাক্রমরে বস্তিারতি ববিরণ, শকি্ষকদরে পরচিতি, গবষেণার সুযোগ-সুবধিা, বৃত্তরি তথ্য, আবাসন ব্যবস্থা, ভসিা সহায়তা, আন্তর্জাতকি সম্পর্ক দপ্তর এবং পূর্ববর্তী আন্তর্জাতকি শকি্ষার্থীদরে অভজি্ঞতা থাকা দরকার। আজকরে আন্তর্জাতকি শকি্ষার্থী বশি্ববদি্যালয় বছেে নওেয়ার

আগে অনলাইনে গবষেণা করনে। তাই ডজিটিাল দৃশ্যমানতা আন্তর্জাতকি শকি্ষার্থী আকর্ষণরে একটি মৌলকি পূর্বশর্ত। এখানে আবার একাডমেকি খ্যাতরি সঙ্গে একটি পারস্পরকি সম্পর্ক তরৈি হয়। আন্তর্জাতকি শকি্ষার্থী বশি্ববদি্যালয়ে আসে কারণ বশি্ববদি্যালয়টরি সুনাম আছে; আবার আন্তর্জাতকি শকি্ষার্থীর উপস্থতি বশি্ববদি্যালয়রে আন্তর্জাতকি দৃশ্যমানতা বাড়ায়। একইভাবে বদিশেি শকি্ষক বশি্ববদি্যালয়ে আসনে কারণ সখোনে গবষেণার পরবিশে ও সুনাম আছে; আবার বদিশেি শকি্ষক নতুন গবষেণা-নটেওয়ার্ক তরৈি করে সইে সুনাম আরও বাড়াতে পারনে। ফলে আন্তর্জাতকীকরণ একদকিে সুনামরে ফল, অন্যদকিে সুনাম তরৈরি কারণও। বাংলাদশেরে বশি্ববদি্যালয়গুলোকে এই পারস্পরকি সম্পর্ক বুঝতে হবে।

বাংলাদশেরে সরকারি বশি্ববদি্যালয়গুলোর ক্ষত্রেে আন্তর্জাতকি শকি্ষক ও শকি্ষার্থী অনুপাত বৃদ্ধরি সুযোগ এবং চ্যালঞ্জে কছিুটা ভনি্ন। ঢাকা বশি্ববদি্যালয়রে মতো ঐতহি্যবাহী প্রতষ্ঠিানগুলোর আন্তর্জাতকি একাডমেকি সুনাম, ঐতহিাসকি ঐতহি্য এবং বস্তিৃত বষিয়ভত্তিকি পরসির রয়ছে।ে বাংলাদশেরে সরকারি উচ্চশকি্ষার একটি বৃহত্তর নীতগিত সমস্যা হসিবেে ববিচেনা করা প্রয়োজন। সরকারি বশি্ববদি্যালয়রে আন্তর্জাতকীকরণরে জন্য বশিষোয়তি আন্তর্জাতকি সম্পর্ক দপ্তর, অতথিি অধ্যাপক কর্মসূচ,ি প্রতযিোগতিামূলক আন্তর্জাতকি বতেন কাঠামো, স্বল্পময়োদি গবষেণা বৃত্ত,ি আন্তর্জাতকি গবষেকোত্তর কর্মসূচি এবং আন্তর্জাতকি শকি্ষার্থীদরে জন্য বৃত্তি চালু করা যতেে পার।ে একই সঙ্গে বশি্ববদি্যালয়রে আবাসকি সুবধিা, ভসিা সহায়তা এবং শকি্ষার সনদ ও পাঠ্যক্রমরে পারস্পরকি স্বীকৃতি ও স্থানান্তর ব্যবস্থা উন্নত করা প্রয়োজন। বদিশেি শকি্ষার্থীকে আকর্ষণ করতে চাইলে ভর্তি প্রক্রয়িাও আন্তর্জাতকি মানরে হতে হব।ে বসেরকারি বশি্ববদি্যালয়রে সামনে আবার অন্য ধরনরে সুযোগ রয়ছে।ে তাদরে প্রশাসনকি সদি্ধান্ত গ্রহণ তুলনামূলকভাবে দ্রুত হতে পার,ে ইংরজেি মাধ্যমে পরচিালতি শকি্ষাক্রম ইতোমধ্যে বস্তিৃত, এবং কছিু প্রতষ্ঠিানে আন্তর্জাতকি সহযোগতিার ভত্তিওি তরৈি হয়ছে।ে নর্থ সাউথ বশি্ববদি্যালয়রে বর্তমান কউিএস তথ্য অনুযায়ী ১৬,০২৭

শিক্ষার্থীর মধ্যে ৭৬ জন আন্তর্জাতিক শিক্ষার্থী এবং ৯০২ শিক্ষকের মধ্যে ৬ শতাংশ আন্তর্জাতিক শিক্ষক। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয়ের তথ্য অনুযায়ী ৫২৯ জন আন্তর্জাতিক শিক্ষার্থী এবং ৫ শতাংশ আন্তর্জাতিক শিক্ষক রয়েছে। এই উদাহরণগুলো দেখায় যে বেসরকারি খাতে আন্তর্জাতিকীকরণের কিছু সম্ভাবনা ইতোমধ্যে তৈরি হয়েছে, যদিও তা আরও ব্যাপক ও গভীর করা প্রয়োজন।

তবে আন্তর্জাতিকীকরণের ক্ষেত্রে শুধু সংখ্যাগত লক্ষ্য নির্ধারণ করাও বিপজ্জনক হতে পারে। কোনো বিশ্ববিদ্যালয় যদি কিউএস-এর স্কোর বাড়ানোর জন্য অল্প সময়ের চুক্তিতে কয়েকজন বিদেশি শিক্ষক নিয়োগ করে, কিন্তু তাঁদের দীর্ঘমেয়াদি গবেষণা-সম্পৃক্ততা না থাকে, তাহলে সেটি প্রকৃত আন্তর্জাতিকীকরণ হবে না। একইভাবে বিদেশি শিক্ষার্থীর সংখ্যা বাড়াতে গিয়ে শিক্ষার মান কমিয়ে দেওয়া উচিত নয়। আন্তর্জাতিকীকরণের লক্ষ্য হওয়া উচিত মান, বৈচিত্র্য এবং একাডেমিক সমন্বয়-শুধু সংখ্যা নয়। এ কারণেই বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোকে “কতজন আন্তর্জাতিক শিক্ষার্থী?” প্রশ্নের পাশাপাশি “আন্তর্জাতিক শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক পরিবেশে কী অবদান রাখছে?”-এই প্রশ্নটিও করতে হবে। এখানে আন্তর্জাতিক শিক্ষার্থীদের ভৌগোলিক বৈচিত্র্যও গুরুত্বপূর্ণ। কিউএস-এর বর্তমান পদ্ধতিতে আন্তর্জাতিক শিক্ষার্থীর বৈচিত্র্যকে একটি পৃথক পরিমাপক হিসেবে বিস্তৃত আন্তর্জাতিক সম্পৃক্ততার আওতায় বিবেচনা করা হলেও বিশ্ব বিশ্ববিদ্যালয় র‍্যাংকিংয়ে এর ওজন বর্তমানে শূন্য শতাংশ; আন্তর্জাতিক শিক্ষার্থী অনুপাতের ওজন ৫ শতাংশ। অর্থাৎ বর্তমান প্রধান র‍্যাংকিংয়ে শুধু আন্তর্জাতিক শিক্ষার্থীর অনুপাত সরাসরি স্কোরে প্রভাব ফেলে, কিন্তু কিউএস-এর বিস্তৃত পদ্ধতিতে আন্তর্জাতিক শিক্ষার্থীর বৈচিত্র্যকে একটি গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে স্বীকার করা হয়েছে।

বাংলাদেশের জন্য তাই লক্ষ্য হওয়া উচিত শুধু একটি বা দুটি প্রতিবেশী দেশের শিক্ষার্থী আকর্ষণ করা নয়; বরং দক্ষিণ এশিয়া, দক্ষিণ-পূর্ব এশিয়া, মধ্য এশিয়া, আফ্রিকা, মধ্যপ্রাচ্য এবং অন্যান্য অঞ্চলের শিক্ষার্থীদের জন্য ভিন্ন ভিন্ন শিক্ষার সুযোগ তৈরি করা। বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলো যদি অঞ্চলভিত্তিক বৃত্তি, ইংরেজিতে পরিচালিত স্নাতকোত্তর ও গবেষণাভিত্তিক উচ্চতর শিক্ষাক্রম এবং আন্তর্জাতিক গবেষণা বৃত্তি চালু করে, তাহলে বিদেশি শিক্ষার্থী আকর্ষণের সম্ভাবনা বাড়তে পারে।

বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর আন্তর্জাতিকীকরণের ক্ষেত্রে আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হলো শিক্ষার ব্যয়। বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলো যদি মানসম্মত কিন্তু তুলনামূলকভাবে সাশ্রয়ী শিক্ষা, গবেষণা ও জীবনযাত্রার ব্যয়ের সমন্বয় করতে পারে, তাহলে এটি একটি প্রতিযোগিতামূলক সুবিধা হতে পারে। তবে কম ব্যয় একাই যথেষ্ট নয়। আন্তর্জাতিক শিক্ষার্থী শিক্ষার মান, গবেষণার সুযোগ, সনদের স্বীকৃতি এবং পড়াশোনা শেষে উচ্চশিক্ষা বা কর্মজীবনের সুযোগও বিবেচনা করেন। তাই “সস্তা শিক্ষা”

নয়, বরং প্রতযিোগতিামূলক ব্যয়ে উচ্চমানরে শক্ষিা হওয়া উচতি বাংলাদশেরে আন্তর্জাতকি উচ্চশক্ষিা কৌশলরে মূল বক্তব্য।

এক্ষত্রেে বাংলাদশে বশি্ববদি্যালয় মঞ্জুরি কমশিনরে সাম্প্রতকি অবস্থানও আশাব্যঞ্জক। ২০২৬ সালরে মে মাসে ইউজসিি চয়োরম্যান বলছেনে যে বাংলাদশেরে বশি্ববদি্যালয়গুলোকে বশি্বরে শক্ষিার্থীদরে জন্য উচ্চশক্ষিার আকর্ষণীয় গন্তব্য হসিবেে গড়ে তুলতে কাজ করা হচ্ছ।ে অর্থাৎ আন্তর্জাতকি শক্ষিার্থী আকর্ষণ এখন শুধু পৃথক বশি্ববদি্যালয়রে বষিয় নয়; এটি জাতীয় উচ্চশক্ষিা নীতরিও একটি গুরুত্বপূর্ণ আলোচ্য বষিয় হয়ে উঠছ।ে (বাংলাদশে বশি্ববদি্যালয় মঞ্জুরি কমশিন) কন্তিু জাতীয় পর্যায়ে শুধু নীতগিত ঘোষণা যথষ্টে নয়। প্রয়োজন একটি জাতীয় উচ্চশক্ষিা আন্তর্জাতকীকরণ কৌশল। এই কৌশলরে আওতায় প্রতটিি বশি্ববদি্যালয়রে নজিস্ব আন্তর্জাতকীকরণ পরকিল্পনা থাকা উচতি এবং সটেি পরমিাপযোগ্য সূচকরে মাধ্যমে মূল্যায়ন করা যতেে পার।ে যমেন-আন্তর্জাতকি শক্ষিক অনুপাত, আন্তর্জাতকি শক্ষিার্থী অনুপাত, কতটি দশে থকেে শক্ষিার্থী এসছে,ে শক্ষিার্থী বনিমিয়, যৌথ প্রকাশনা, যৌথ তত্ত্বাবধান, আন্তর্জাতকি গবষেণা অনুদান, অতথিি গবষেক, যৌথ শক্ষিাক্রম এবং আন্তর্জাতকি প্রাক্তন শক্ষিার্থী নটেওয়ার্ক। এর ফলে আন্তর্জাতকীকরণ একটি শ্লোগান না হয়ে প্রাতষ্ঠিানকি কর্মদক্ষতার অংশ হব।ে

একই সঙ্গে দশেরে বশি্ববদি্যালয়গুলোর মধ্যে বষৈম্যও ববিচেনা করতে হব।ে ১৭৫টি বশি্ববদি্যালয়রে জন্য একই আন্তর্জাতকীকরণ লক্ষ্য বাস্তবসম্মত নয়। গবষেণানরি্ভর বশি্ববদি্যালয়গুলোর জন্য আন্তর্জাতকি শক্ষিক, গবষেক-শক্ষিার্থী এবং আন্তর্জাতকি গবষেণা সহযোগতিার লক্ষ্য বশেি হতে পার।ে শক্ষিাদাননরি্ভর বশি্ববদি্যালয়গুলোতে আন্তর্জাতকি শক্ষিার্থী বনিমিয়, স্বল্পময়োদি শক্ষিাক্রম এবং যৌথ শক্ষিাদান বশেি গুরুত্ব পতেে পার।ে আঞ্চলকি বশি্ববদি্যালয়গুলো স্থানীয় বাস্তবতা ও বশিষোয়তি গবষেণার ওপর ভত্তিি করে আন্তর্জাতকি পরচিতিি তরৈি করতে পার।ে অর্থাৎ সবার জন্য একই নীতি নয়, বরং নজিস্ব লক্ষ্য ও বশৈষ্টি্যভত্তিকি আন্তর্জাতকীকরণ কৌশল প্রয়োজন।

বাংলাদশেরে বশি্ববদি্যালয়গুলোতে আন্তর্জাতকি শক্ষিক নয়িোগরে ক্ষত্রেে আরকেটি বাস্তবতা হলো মধোপাচার। বদিশেে অবস্থানরত বাংলাদশেি শক্ষিাবদিদরে একটি বড় অংশ আন্তর্জাতকি একাডমেকি নটেওয়ার্করে সঙ্গে যুক্ত। তাঁদরে সম্পূর্ণভাবে দশেে ফরিয়িে আনা সবসময় সম্ভব না হলওে অতথিি অধ্যাপক, খ-কালীন শক্ষিক, যৌথ তত্ত্বাবধায়ক, গবষেণা পরামর্শক এবং স্বল্পময়োদি গবষেণা বৃত্তরি মাধ্যমে তাঁদরে সঙ্গে প্রাতষ্ঠিানকি সম্পর্ক তরৈি করা সম্ভব। এটি তুলনামূলক কম ব্যয়ে আন্তর্জাতকি একাডমেকি নটেওয়ার্ক তরৈরি একটি কার্যকর পথ হতে পার।ে একইভাবে প্রবাসী শক্ষিাবদিদরে মাধ্যমে বদিশেি বশি্ববদি্যালয়রে সঙ্গে গবষেণা সহযোগতিা তরৈি করা যতেে পার।ে আন্তর্জাতকি শক্ষিার্থী আকর্ষণরে ক্ষত্রেওে প্রবাসী বাংলাদশেদিরে নটেওয়ার্ক গুরুত্বপূর্ণ। বদিশেে

বসবাসরত বাংলাদশেি প্রাক্তন শকি্ষার্থী ও পশোজীবীদরে মাধ্যমে বাংলাদশেরে বশি্ববদি্যালয়রে শকি্ষাক্রম আন্তর্জাতকিভাবে পরচিতি করা যতেে পার।ে বশি্ববদি্যালয়রে প্রাক্তন শকি্ষার্থী সংগঠনগুলোকে শুধু পুনর্মলিনী বা সামাজকি যোগাযোগরে মধ্যে সীমাবদ্ধ না রখেে আন্তর্জাতকি শকি্ষার্থী আকর্ষণ এবং প্রাতষ্ঠিানকি পরচিতি তরৈরি অংশ করা যতেে পার।ে

এখানে পূর্ববর্তী লখোয় আলোচতি গবষেণার মানরে বষিয়টওি পুনরায় সামনে আস।ে একজন বদিশেি অধ্যাপক কনে বাংলাদশেে আসবন,ে যদি গবষেণা অর্থায়ন সীমতি হয়? একজন বদিশেি গবষেক-শকি্ষার্থী কনে আসবন,ে যদি গবষেণাগার, গ্রন্থাগার, তথ্যভান্ডার, তত্ত্বাবধান এবং প্রকাশনার পরবিশে পর্যাপ্ত না হয়? ফলে আন্তর্জাতকীকরণ আসলে গবষেণায় বনিয়িোগরে বকিল্প নয়; বরং গবষেণায় বনিয়িোগরে স্বাভাবকি ফল। একইভাবে শকি্ষক-শকি্ষার্থী অনুপাত উন্নত না হলে আন্তর্জাতকি শকি্ষার্থী বাড়ালওে শকি্ষার অভজি্ঞতা ক্ষতগি্রস্ত হতে পার।ে তাই কউিএস-এর সূচকগুলোকে বচ্ছিন্নিভাবে না দখেে একটি পারস্পরকিভাবে সংযুক্ত ব্যবস্থা হসিবেে দখো প্রয়োজন। একাডমেকি খ্যাত,ি শকি্ষকপ্রতি গবষেণার উদ্ধৃত,ি শকি্ষক-শকি্ষার্থী অনুপাত, আন্তর্জাতকি শকি্ষক অনুপাত এবং আন্তর্জাতকি শকি্ষার্থী অনুপাত-প্রতটিি একে অপরকে প্রভাবতি করতে পার।ে কউিএস-এর বর্তমান পদ্ধততিে গবষেণা ও জ্ঞান আবষি্কার ৫০ শতাংশ, শকি্ষার অভজি্ঞতা ১০ শতাংশ এবং আন্তর্জাতকি সম্পৃক্ততা ১৫ শতাংশ গুরুত্ব বহন কর;ে ফলে আন্তর্জাতকীকরণ একটি বৃহত্তর প্রাতষ্ঠিানকি মান কাঠামোর অংশ। বাংলাদশেরে জন্য তাই সবচয়েে প্রয়োজন র‍্যাংকংিকন্দ্রেকি আন্তর্জাতকীকরণ নয়, বরং মানকন্দ্রেকি আন্তর্জাতকীকরণ। কউিএস র‍্যাংকংিয়ে স্কোর বাড়ানো একটি ফলাফল হতে পার,ে কন্তিু লক্ষ্য হওয়া উচতি এমন বশি্ববদি্যালয় গড়ে তোলা যখোনে বদিশেি শকি্ষক কাজ করতে চান, বদিশেি শকি্ষার্থী পড়তে চান, আন্তর্জাতকি গবষেক সহযোগতিা করতে চান এবং বাংলাদশেরে শকি্ষার্থীরা নজিরে দশেইে বশৈ্বকি একাডমেকি অভজি্ঞতা লাভ করতে পারনে। এই পরবির্তন ঘটলে কউিএস-এর স্কোর স্বাভাবকিভাবইে উন্নত হওয়ার সম্ভাবনা তরৈি হব।ে

সবশষে,ে বাংলাদশেরে উচ্চশকি্ষার আন্তর্জাতকীকরণকে একটি দীর্ঘময়োদি জাতীয় উন্নয়ন প্রকল্প হসিবেে দখেতে হব।ে আন্তর্জাতকি শকি্ষক ও শকি্ষার্থী অনুপাত বৃদ্ধি কবেল কউিএস র‍্যাংকংিয়রে জন্য নয়; এটি বাংলাদশেরে বশি্ববদি্যালয়গুলোকে বশি্বজ্ঞান ব্যবস্থার সঙ্গে গভীরভাবে যুক্ত করার একটি কৌশল। বদিশেি শকি্ষক মানে নতুন জ্ঞান ও গবষেণা-নটেওয়ার্ক; বদিশেি শকি্ষার্থী মানে নতুন সংস্কৃতি ও দৃষ্টভিঙ্গ;ি আন্তর্জাতকি সহযোগতিা মানে নতুন গবষেণার সুযোগ; আর এই সবকছিুর সমন্বতি ফল হলো একটি প্রাণবন্ত বশৈ্বকি বশি্ববদি্যালয় পরবিশে। বাংলাদশেরে বশি্ববদি্যালয়গুলো যদি এই পরবিশে তরৈি করতে পার,ে তাহলে দশেরে উচ্চশকি্ষা শুধু শকি্ষার্থী তরৈরি ব্যবস্থা হসিবেে নয়, বরং আন্তর্জাতকি জ্ঞান উৎপাদন ও বনিমিয়রে কন্দ্রে হসিবেে আত্মপ্রকাশ করতে পারব।ে আগরে ধারাবাহকি লখোগুলোর আলোচনায় আমরা দখেছেি যে বাংলাদশেরে উচ্চশকি্ষার মানোন্নয়ন শুধু বশি্ববদি্যালয়রে সংখ্যা বৃদ্ধ,ি অবকাঠামো সম্প্রসারণ বা শকি্ষার্থী ভর্তি বাড়ানোর মাধ্যমে সম্ভব

নয়। শকি্ষক-শকি্ষার্থী অনুপাত আমাদরে শখিয়িছে যে শকি্ষার মানরে জন্য পর্যাপ্ত একাডমেকি মানবসম্পদ দরকার; একাডমেকি খ্যাত আমাদরে দখেয়িছে যে বশি্ব একাডমেকি সমাজে স্বীকৃত অর্জনরে জন্য গবষেণা ও দৃশ্যমানতা অপরহিার্য। এখন আন্তর্জাতকি শকি্ষক ও শকি্ষার্থী অনুপাত আমাদরে সামনে আরও বস্তিৃত সত্যট িতুলে ধরছে-একট িআধুনকি বশি্ববদ্যিালয়কে একই সঙ্গে স্থানীয় ভত্তিরি ওপর প্রতষ্ঠিতি এবং বশ্বৈকিভাবে সংযুক্ত হতে হয়। বাংলাদশেরে বশি্ববদ্যিালয়গুলোর ভবষ্যিৎ প্রতযিোগতিা তাই শুধু ঢাকা, চট্টগ্রাম বা রাজশাহীর মধ্যে নয়; বরং সঙ্গিাপুর, মালয়শেয়িা, ভারত, চীন, অস্ট্রলেয়িা, ইউরোপ, উত্তর আমরেকিা এবং বশি্বরে অন্যান্য উচ্চশকি্ষা ব্যবস্থার সঙ্গে।

সুতরাং বাংলাদশেরে প্রায় ১৭৫ট িবশি্ববদ্যিালয়রে জন্য আগামী দনিরে লক্ষ্য হওয়া উচতি সংখ্যাগত সম্প্রসারণ থকেে গুণগত আন্তর্জাতকীকরণরে দকিে যাত্রা। এই যাত্রায় প্রতটি িবশি্ববদ্যিালয়কে তার নজিস্ব শক্ত িঅনুযায়ী আন্তর্জাতকি একাডমেকি বশিষেত্ব তরৈ িকরতে হবে। কোথাও জলবায়ু গবষেণা, কোথাও জনস্বাস্থ্য, কোথাও প্রকৌশল, কোথাও ব্যবসা, কোথাও উন্নয়ন অধ্যয়ন, কোথাও সমাজবজ্ঞিান, কোথাও কৃষ িবা ডজিটিাল উদ্ভাবন-যে ক্ষত্রেইে শক্ত িরয়ছে, সটেকিে আন্তর্জাতকিভাবে দৃশ্যমান করতে হবে। তার সঙ্গে যুক্ত করতে হবে আন্তর্জাতকি শকি্ষক, আন্তর্জাতকি শকি্ষার্থী, যৌথ গবষেণা, শকি্ষার্থী বনিমিয় এবং বশ্বৈকি একাডমেকি অংশীদারত্ব। যদ িবাংলাদশে এই পথ অনুসরণ করতে পারে, তবে আন্তর্জাতকি শকি্ষক অনুপাত ও আন্তর্জাতকি শকি্ষার্থী অনুপাত শুধু কউিএস-এর দুট িসূচক হসিবেে থাকবে না; এগুলো বাংলাদশেরে উচ্চশকি্ষার রূপান্তররে দুট িগুরুত্বপূর্ণ পরমিাপক হয়ে উঠবে। তখন আন্তর্জাতকি শকি্ষার্থীকে আমরা আর কবেল "বদিশে িশকি্ষার্থী" হসিবেে দখেব না; বরং তাঁকে দখেব জ্ঞান ও সংস্কৃতরি দূত হসিবে।ে বদিশে িশকি্ষককে দখেব শুধু শকি্ষক হসিবেে নয়; বরং আন্তর্জাতকি গবষেণা-নটেওয়ার্করে একট িসতেু হসিবে।ে আর আন্তর্জাতকি বশি্ববদ্যিালয় সহযোগতিাকে দখেব আনুষ্ঠানকি সমঝোতা স্মারকরে সংখ্যা হসিবেে নয়; বরং যৌথ জ্ঞান উৎপাদনরে বাস্তব অবকাঠামো হসিবে।ে

শষে পর্যন্ত বাংলাদশেরে উচ্চশকি্ষার আন্তর্জাতকি মর্যাদা অর্জনরে প্রশ্নট িকউিএস র‍্যাংকংিয়রে একট িস্কোররে চয়েে অনকে বড়। এট িবাংলাদশেরে বশি্ববদ্যিালয়গুলো বশি্বকে কী দতিে পারে এবং বশি্ব থকেে কী শখিতে পারে-তার প্রশ্ন। একট িবশি্ববদ্যিালয় তখনই প্রকৃত অর্থে আন্তর্জাতকি হয়ে ওঠ,ে যখন তার ক্যাম্পাসে ভনি্ন দশেরে মানুষ জ্ঞান বনিমিয় কর,ে তার গবষেণা বশি্বরে বভিনি্ন প্রান্তে আলোচতি হয়, তার শকি্ষকরা আন্তর্জাতকি একাডমেকি নটেওয়ার্করে অংশ হন এবং তার শকি্ষার্থীরা দশেীয় শকিড়রে ওপর দাঁড়য়িে বশ্বৈকি নাগরকি হসিবেে প্রস্তুত হয়। বাংলাদশেরে উচ্চশকি্ষার পরবর্তী অগ্রযাত্রা তাই শুধু আরও বশে িবশি্ববদ্যিালয় নয়, বরং আরও বশে িবশ্বৈকিভাবে সংযুক্ত বশি্ববদ্যিালয় গড়ে তোলার দকিে হওয়া উচত।ি আর এই রূপান্তরই একদনি একাডমেকি খ্যাত,ি গবষেণার প্রভাব, আন্তর্জাতকীকরণ এবং সামগ্রকি কউিএস ফলাফল-সবকছিুকে একই সঙ্গে নতুন উচ্চতায় নয়িে যতেে

পারে।

---

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।